

**ফরম পূরণের বিজ্ঞপ্তি**  
**ইসিই পার্ট-৪, ৭ম সেমিস্টার-২০১৯**  
**শিক্ষাবর্ষ: ২০১৫-২০১৬**

এতদ্বারা আই.এস.টির ইসিই ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয় হতে প্রকাশিত বিজ্ঞপ্তি মোতাবেক ০৯ ফেব্রুয়ারী ২০১৯ ইং তারিখ হতে ১৬ ফেব্রুয়ারী ২০২০ ইং তারিখের মধ্যে ইসিই পার্ট-৪, ৭ম সেমিস্টার ২০১৯ ফরম পূরণের সময় নির্ধারণ করা হয়েছে। এ প্রেক্ষিতে সংশ্লিষ্ট পরীক্ষার্থীদেরকে প্রিন্টকৃত ফরম হিসাব শাখায় জমা দেয়ার পূর্বে হিসাব শাখা ও লাইব্রেরী সেকশন হতে যাবতীয় পাওনাদি পরিশোধ সাপেক্ষে ছাড়পত্র সংগ্রহ করতে হবে। উক্ত তারিখের পর কোন ক্রমেই ফরম পূরণ করতে পারবেনা।

**ফরম পূরণের নির্দেশনাবলী:**

ক) পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে ফরম পূরণ এবং কলেজে জমাদানের তারিখ: ০৯/০২/২০২০ থেকে ১৬/০২/২০২০ পর্যন্ত।

খ) আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ([www.nubd.info/cse](http://www.nubd.info/cse)) form fill-up এ গিয়ে Apply to online form fill-up (for Student) লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে ১ কপি পাসপোর্ট সাইজে ছবি নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে নির্ধারিত ফি জমা দিয়ে হিসাব শাখা জমা দিতে হবে।

ফরম পূরণ সংক্রান্ত যে কোন প্রয়োজনে কোর্স কো-অর্ডিনেটর এর সাথে যোগাযোগ করতে বলা হচ্ছে। বকেয়া সংক্রান্ত কোন ধরনের সুপারিশ গ্রহণযোগ্য নয়।

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য: পরীক্ষার ফি, কেন্দ্র ফি, প্রজেক্ট ফি ও আনুষঙ্গিক ফি সহ ৫১০০/-টাকা নগদ হিসাব শাখায় জমা দিতে হবে।

মান-উন্নয়ন পরীক্ষার ফি: প্রতি পত্র: ৪০০/-, বিশেষ অধিভুক্তি ফি: ৫০০/-, কেন্দ্র ফি: ৫০০/- টাকা। ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা C, D এবং F গ্রেড প্রাপ্ত বিষয়ে এইবারেই মান-উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে পরবর্তীতে তাদের আর কোন সুযোগ দেয়া হবেনা। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা শুধুমাত্র F গ্রেড বিষয়ে শেষ বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(মো: রকিব হোসেন)

কোর্স কো-অর্ডিনেটর

ইসিই বিভাগ

ইসিই ৭ম সেমিস্টার

আই.এস.টি।

কপি প্রেরণ:

- ১। পরিচালক(একাডেমিক), আই.এস.টি।
- ২। পরিচালক (প্রশাসন), আই.এস.টি
- ৩। উপ-পরিচালক, আই.এস.টি।
- ৪। বিভাগীয় প্রধান, ইসিই বিভাগ
- ৫। চীফ প্রশাসনিক কর্মকর্তা, আই.এস.টি
- ৬। হিসাব শাখা, আই.এস.টি।
- ৭। লাইব্রেরী শাখা, আই.এস.টি।
- ৮। আই.এস.টি নোটিশ বোর্ড।
- ৯। সিনিয়র অফিস সহকারী (বিজ্ঞপ্তি আই.এস.টির ওয়েব সাইটে প্রকাশের জন্য প্রেরণ করা হল)।